


“প্রতিবাদ”

বিগত ২৪/১২/২০২০ তারিখে মেয়র, খুলনা সিটি কর্পোরেশন কর্তৃক সংবাদ সম্মেলনে কেডিএর কর্মকাণ্ড নিয়ে বিভিন্ন বিষয়ে অভিযোগ করেন যা দৈনিক প্রথম আলো, দৈনিক পূর্বাঞ্চল, দৈনিক সময়ের খবর, দৈনিক প্রবাহসহ বিভিন্ন জাতীয় ও স্থানীয় পত্রিকায় প্রকাশিত হয়। কেডিএ কর্তৃক নির্মিত রাস্তা, ড্রেন, উন্নয়ন কাজ যথাযথ করা হয় না মর্মে বিভিন্ন পত্রিকা মারফত জানা যায়। যা বিভিন্ন মহলে অত্র প্রতিষ্ঠানের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে। এখানে উল্লেখ্য যে, খুলনা শহরের গুরুত্বপূর্ণ রাস্তা ঘাটের বেহাল দশা, চলাচলের অনুপযোগী রক্ষনাবেক্ষণের দায়িত্ব প্রাপ্ত প্রতিষ্ঠান খুলনা সিটি কর্পোরেশন। যার কারণে কেসিসি কর্তৃক শুষ্ক/কর আদায় করে থাকে। উক্ত রাস্তা ঘাট মেরামত/সংস্কার করার জন্য কেডিএর কোন রক্ষনাবেক্ষণ খাত নেই। তাছাড়া, শীপইয়ার্ড রোড প্রশস্তকরণ ও উন্নয়ন প্রকল্পের কাজ চলমান এবং স্বাভাবিক প্রক্রিয়ায় রয়েছে যা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী চলছে।



ড. মোহাম্মদ শাহানুর আলম
উপসচিব
পরিচালক (প্রশাসন ও ব্যবস্থাপনা)
খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা।